12

আজকের কাগজ

তারিখ 13 FEB 1992
পৃষ্ঠা 7 কলাম 8

৩৪

# দেশের সার্বিক উন্নয়নে নারী শিক্ষার উন্নয়ন ও প্রসারের ওপর শিক্ষামন্ত্রীর গুরুত্বারোপ

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার দেশের সার্বিক অগ্রগতিতে নারী শিক্ষার উন্নয়ন ও প্রসারের ওপর গুরুত্ব আরোপ করেছেন।

শিক্ষামন্ত্রী গতকাল ঢাকায় সিদ্ধেশ্বরী মহিলা কলেজের রজত জয়ন্তী উৎসবে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। ডঃ আনোয়ারুল্লাহ চৌধুরীর সভাপতিত্বে এ অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর মনিরুজ্জামান মিয়া ও কলেজের অধ্যক্ষ সৈয়দা সামসে আরা হোসেন বক্তৃতা করেন।

শিক্ষামন্ত্রী বলেন, জাতীয় উন্নয়নের জন্যে সমাজে আইনের শাসন প্রতিষ্ঠা অপরিহার্য এবং শিক্ষা প্রতিষ্ঠানগুলো এ আইনের শাসন প্রতিষ্ঠায় অবদান রাখতে পারে। তিনি বলেন, বর্তমান সরকার সাক্ষরতা বৃদ্ধির সাথে উচ্চ শিক্ষার প্রসারের লক্ষ্যে বাস্তবমুখী কর্মসূচি হাতে নিচ্ছে।

ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার বলেন, সরকার আগামী ২০০০ সালের মধ্যে নিরক্ষরতা দূর করার লক্ষ্যে ইতিমধ্যেই ৬৮টি উপজেলায় বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা চালু এবং গণশিক্ষা কার্যক্রম হাতে নিয়েছে এবং আগামী পাঁচ বছরের মধ্যে প্রতিটি উপজেলাকে এ কর্মসূচির আওতায় আনা হবে। তিনি বলেন, নিরক্ষরতা একটি মারাত্মক অভিশাপ এবং এ নিরক্ষরতা দূর করার লক্ষ্যে সরকার প্রতিটি গ্রামে একটি গণশিক্ষা কেন্দ্র চালু করবে।